জুলাই/১১-মার্চ/১২ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামুলক প্রতিবেদন ।

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে মনিটরিং করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত ত্রৈমাসিক তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে । সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১১-২০১২ অর্থ বছরের জানু-মার্চ/১২ ত্রৈমাসিকে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য বিবরণী প্রস্তুত করা হয়েছে । ২০১১-২০১২ অর্থ বছরের ৩১শে মার্চ,২০১২ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ ও বকেয়া ঋণের অবস্থা নিম্নরূপ ঃ-


০১। ঋণ বিতরণ ঃ


জুলাই-মার্চ/২০১২ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৫,১১৭.৪৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের বিতরণ ছিল যথাক্রমে ১২,৬৫৫.২৫ কোটি টাকা ও ২,৪৬২.২১ কোটি টাকা । আলোচ্য সময়ে বিতরণকৃত মোট ১৫,১১৭.৪৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭.৬৭%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৭.৮৩%, বিদেশী ব্যাংকসমূহ ১৬.০৯%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৮.৪১% ঋণ বিতরণ করেছে ।

জুলাই-মার্চ/২০১১ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১২,১৯২.৪১ কোটি টাকা, যা জুলাই-মার্চ/২০১২ সময়ে ২৩.৯৯% বৃদ্ধি পেয়ে ১৫,১১৭.৪৬ কোটি টাকা হয়েছে । জুলাই-মার্চ/২০১১ সময়ের তুলনায় জুলাই-মার্চ/২০১২ সময়ে চলতি মূলধনের ক্ষেত্রে বিতরণ বৃদ্ধি পেয়েছে ২৩.৭০% এবং মেয়াদী ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২৫.৫০% । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই-মার্চ/২০১১	জুলাই-মার্চ/২০১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১০২৩০.৪৭	১২৬৫৫.২৫	(+) ২৩.৭০
মেয়াদী ঋণ	১৯৬১.৯৪	২৪৬২.২১	(+) ২৫.৫০
মোটঃ	১২১৯২.৪১	১৫১১৭.৪৬	(+) ২৩.৯৯





চলমান পৃষ্ঠা-১/৩

পূর্ব পাতার পর -


০২। বকেয়া ঋণস্থিতি ঃ


জুলাই-মার্চ/২০১২ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২০,৬৬১.২৬ কোটি টাকা । এর মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ১৪,৪০৬.২০ কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ৬,২৫৫.০৬ কোটি টাকা । মোট বকেয়া ঋণস্থিতির ২৪.৮৪% রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৫০.২৮% বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৭.৭৪% বিদেশী ব্যাংকসমূহের এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১৭.১৫% ।

জুলাই-মার্চ/২০১১ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ১৮,৯১৭.০০ কোটি টাকা, যা বর্তমান সময়ে (জুলাই-মার্চ/২০১২) ৯.২২% বৃদ্ধি পেয়ে ২০,৬৬১.২৬ কোটি টাকা হয়েছে, তন্মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ১৫.৩৬% বৃদ্ধি পেয়ে ১৪,৪০৬.২০ কোটি টাকা হলেও এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতি ২.৭১% হ্রাস পেয়ে ৬,২৫৫.০৬ কোটি টাকা হয়েছে। নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই-মার্চ/২০১১	জুলাই-মার্চ/২০১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১২৪৮৭.৭২	১৪৪০৬.২০	(+) ১৫.৩৬
মেয়াদী ঋণ	৬৪২৯.২৮	৬২৫৫.০৬	(-) ২.৭১
মোট	১৮৯১৭.০০	২০৬৬১.২৬	(+) ৯.২২






পূর্ব পাতার পর -

০৩। **শ্রেণীবিন্যাসিত ঋণ ঃ**

জুলাই-মার্চ/২০১২ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১,৬২৫.৬৩ কোটি টাকা। তন্মধ্যে, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৬.৭২%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৩.৬৪%, বিদেশী ব্যাংকসমূহের ৩.৩৮%, বিশেষায়িত ব্যাংকসমূহের ৪৬.২৬% রয়েছে ।

জুলাই-মার্চ/২০১১ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৭৬৫.৬০ কোটি টাকা, যা বর্তমানে (জুলাই-মার্চ/২০১২) ৭.৯৩% হ্রাস পেয়ে ১,৬২৫.৬৩ কোটি টাকায় দাঁড়িয়েছে । অপরদিকে জুলাই-মার্চ/২০১২ সময়কালে কৃষিভিত্তক শিল্পখাতে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ছিল ৭.৮৭% যা' জুলাই-মার্চ/২০১১ সময়কালে ছিল ৯.৩৩% । নিম্নের গ্রাফের মাধ্যমে ব্যাংকওয়ারী শ্রেণীবিন্যাসিত ঋণের চিত্র প্রদর্শিত হ'ল ঃ



কৃষিভিত্তিক শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছর একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে, জুলাই/১০-মার্চ/২০১১ অপেক্ষা জুলাই/১১-মার্চ/২০১২ সময়কালে ঋণ বিতরণ ও বকেয়া স্থিতি উভয়ই যথাক্রমে ২৩.৯৯% ৯.২২% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৭.৯৩% হ্রাস পেয়েছে, যা' আশাব্যাঞ্জক। নিম্নে গ্রাফের মাধ্যমে কৃষিভিত্তিক শিল্প ঋণের সংক্ষেপিত চিত্রটি প্রদর্শন করা হ'ল ঃ

